# গীতাঞ্জলি

নবম সংস্করণ

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

১৩৩০

মূল্য ১।০ এক টাকা চারি আনা।

প্রকাশক

শ্রীজগদানন্দ রায়

বিশ্বভারতী, শান্তিনিকেতন; বীরভূম।

শান্তিনিকেতন প্রেসে,

শ্রীজগদানন্দ রায় কর্ত্তৃক মুদ্রিত।

শান্তিনিকেতন, বীরভূম।

# বিজ্ঞাপন

এই গ্রন্থের প্রথম কয়েকটি গান পূর্ব্বে অন্য দুই একটি পুস্তকে প্রকাশিত হইয়াছে। কিন্তু অল্প সময়ের ব্যবধানে যে-সমস্ত গান পরে পরে রচিত হইয়াছে তাহাদের পরস্পরের মধ্যে একটি ভাবের ঐক্য থাকা সম্ভবপর মনে করিয়া তাহাদের সকলগুলিই এই পুস্তকে একত্রে বাহির করা হইল।

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

শান্তিনিকেতন,
বোলপুর
৩১ শ্রাবণ, ১৩১৭

# সূচী


| | | | |
|---|---|---|---|
| অন্তর মম বিকশিত কর | ... | ... | ৬ |
| অমন আড়াল দিয়ে লুকিয়ে গেলে | ... | ... | ২৮ |
| আকাশ তলে উঠ্‌ল ফুটে | ... | ... | ৫৭ |
| আছে আমার 'হৃদয় আছে ভরে' | ... | ... | ১২৭ |
| আজ ধানের ক্ষেতে রৌদ্র ছায়ায় | ... | ... | ৯ |
| আজ বারি ঝরে ঝর ঝর | ... | ... | ৩৩ |
| আজ বরষার রূপ হেরি মানবের মাঝে | ... | ... | ১১৩ |
| আজি গন্ধবিধুর সমীরণে | ... | ... | ৬৬ |
| আজি ঝড়ের রাতে তোমার অভিসার | ... | ... | ২৫ |
| আজি বসন্ত জাগ্রত দ্বারে | ... | ... | ৬৭ |
| আজি শ্রাবণ-ঘন গহন-মোহে | ... | ... | ২৩ |
| আনন্দেরি সাগর থেকে | ... | ... | ১০ |
| আমরা বেঁধেছি কাশের গুচ্ছ | ... | ... | ১২ |
| আমার এ গান ছেড়েছে তা'র | ... | ... | ১৪৫ |
| আমার এ প্রেম নয় ত ভীরু | ... | ... | ১০২ |
| আমার একলা ঘরের আড়াল ভেঙে | ... | ... | ৯৭ |
| আমার খেলা যখন ছিল তোমার সনে | ... | ... | ৮১ |
| আমার চিত্ত তোমায় নিত্য হবে | ... | ... | ১৫৭ |
| আমার নয়ন-ভুলানো এলে | ... | ... | ১৫ |
| আমার নামটা দিয়ে ঢেকে রাখি যারে | ... | ... | ১৬২ |

| | | | |
|---|---|---|---|
| আমার মাঝে তোমারি লীলা হবে | ... | ... | ১৫০ |
| আমার মাথা নত করে' দাও | ... | ... | ১ |
| আমার মিলন লাগি তুমি | ... | ... | ৪১ |
| আমারে যদি জাগালে আজি নাথ | ... | ... | ৯৯ |
| আমি চেয়ে আছি তোমাদের সবাপানে | ... | ... | ১১৭ |
| আমি বহু বাসনায় প্রাণপণে চাই | ... | ... | ৩ |
| আমি হেথায় থাকি শুধু | ... | ... | ৩৮ |
| আর আমায় আমি নিজের শিরে | ... | ... | ১১৮ |
| আর নাইরে বেলা নাম্‌ল ছায়া | ... | ... | ৩২ |
| আরো আঘাত সইবে আমার | ... | ... | ১০৩ |
| আবার এরা ঘিরেছে মোর মন | ... | ... | ৪০ |
| আবার এসেছে আষাঢ় আকাশ ছেয়ে | ... | ... | ১১২ |
| আলোয় আলোকময় করেহে | ... | ... | ৫৪ |
| আষাঢ় সন্ধ্যা ঘনিয়ে এল | ... | ... | ২৪ |
| আসনতলের মাটির পরে লুটিয়ে র'ব | ... | ... | ৫৫ |
| উড়িয়ে ধ্বজা অভ্রভেদী রথে | ... | ... | ১৩৭ |
| এই করেছ ভালো, নিঠুর, | ... | ... | ১০৪ |
| এই জ্যোৎস্না রাতে জাগে আমার প্রাণ | ... | ... | ৯৫ |
| এই মলিন বস্ত্র ছাড়তে হবে | ... | ... | ৫০ |
| এই মোর সাধ যেন এ জীবনমাঝে | ... | ... | ১১৫ |
| এই যে তোমার প্রেম, ওগো | ... | ... | ৩৭ |
| একটি একটু করে' তোমার | ... | ... | ৭৬ |
| একটি নমস্কারে, প্রভু, | ... | ... | ১৬৮ |
| একলা আমি বাহির হলেম | ... | ... | ১১৬ |

| | | | |
|---|---|---|---|
| একা আমি ফিরব না আর | ... | ... | ৯৮ |
| এবার নীরব করে' দাও হে তোমার | ... | ... | ৭১ |
| এস হে এস, সজল ঘন, | ... | ... | ৪২ |
| ঐরে তরী দিল খুলে | ... | ... | ৮২ |
| ওগো আমার এই জীবনের শেষ পরিপূর্ণতা | | ... | ১৩৩ |
| ওগো মৌন, না যদি কও | ... | ... | ৮৪ |
| ওরে মাঝি ওরে আমার | ... | ... | ১৬০ |
| কত অজানারে জানাইলে তুমি | ... | ... | ৪ |
| কথা ছিল এক-তরীতে কেবল তুমি আমি | | ... | ৯৬ |
| কবে আমি বাহির হলেম তোমারি গান গেয়ে | | ... | ৭৭ |
| কে বলে সব ফেলে যাবি | ... | ... | ১২৯ |
| কোথায় আলো কোথায় ওরে আলো | ... | ... | ২১ |
| কোন্ আলোতে প্রাণের প্রদীপ | ... | ... | ৬৩ |
| গর্ব্ব করে' নিইনে ও নাম, জান অন্তর্যামী, | | ... | ১২৮ |
| গান গাওয়ালে আমায় তুমি | ... | ... | ১৭৫ |
| গান দিয়ে যে তোমায় খুঁজি | ... | ... | ১৫২ |
| গাবার মত হয়নি কোন গান | ... | ... | ১৪৯ |
| গায়ে আমার পুলক লাগে | ... | ... | ৫১ |
| চাই গো আমি তোমারে চাই | ... | ... | ১০৯ |
| চিত্ত আমার হারাল আজ | ... | ... | ৮৩ |
| চিরজনমের বেদনা | ... | ... | ৯০ |
| ছাড়িস্‌নে, ধরে' থাক এঁটে | ... | ... | ১২৬ |
| ছিন্ন করে' লও হে মোরে | ... | ... | ১০০ |
| জগৎ জুড়ে উদার সুরে | ... | ... | ১৯ |

| | | | |
|---|---|---|---|
| জগতে আনন্দ-যজ্ঞে আমার নিমন্ত্রণ | ... | ... | ৫৩ |
| জড়ায়ে আছে বাধা, ছাড়ায়ে যেতে চাই | ... | ... | ১৬৪ |
| জড়িয়ে গেছে সরু মোটা | ... | ... | ১৪৮ |
| জননী, তোমার করুণ চরণখানি | ... | ... | ১৭ |
| জানি জানি কোন্ আদি কাল হ'তে | ... | ... | ২৬ |
| জীবন যখন শুকায়ে যায় | ... | ... | ৭০ |
| জীবনে যত পূজা | ... | ... | ১৬৭ |
| জীবনে যা চিরদিন | ... | ... | ১৬৯ |
| ডাক ডাক ডাক আমারে | ... | ... | ১০৮ |
| তব সিংহাসনের আসন হ'তে | ... | ... | ৬৮ |
| তাই তোমার আনন্দ আমার পর | ... | ... | ১৪১ |
| তা'রা তোমার নামে বাটের মাঝে | ... | ... | ৯৪ |
| তা'রা দিনের বেলা এসেছিল | ... | ... | ৯৩ |
| তুমি আমার আপন, তুমি আছ আমার কাছে | | ... | ৬৪ |
| তুমি এবার আমায় লহ হে নাথ, লহ | ... | ... | ৬৯ |
| তুমি কেমন করে' গান কর যে গুণী | ... | ... | ২৭ |
| তুমি নব নব রূপে এস প্রাণে, | ... | ... | ৮ |
| তুমি যখন গান গাহিতে বল | ... | ... | ৯১ |
| তুমি যে কাজ করচ, আমায় | ... | ... | ১০৬ |
| তোমার দয়া যদি | ... | ... | ১৬৫ |
| তোমার প্রেম যে বইতে পারি | ... | ... | ৭৮ |
| তোমার সাথে নিত্য বিরোধ | ... | ... | ১৭১ |
| তোমার সোনার থালায় সাজাব আজ | ... | ... | ১১ |
| তোমায় আমার প্রভু করে' রাখি | ... | ... | ১৫৮ |

| | | | |
|---|---|---|---|
| তোমায় খোঁজা শেষ হবে না মোর | ... | ... | ১৫৩ |
| তোরা শুনিস্ নি কি শুনিস্ নি তা'র পায়ের ধ্বনি | | ... | ৭৪ |
| দয়া করে' ইচ্ছা করে' আপনি ছোট হ'য়ে | ... | ... | ১৩২ |
| দয়া দিয়ে হবে গো মোর | ... | ... | ৮৮ |
| দাও হে আমার ভয় ভেঙে দাও | ... | ... | ৩৯ |
| দিবস যদি সাঙ্গ হ'ল | ... | ... | ১৭৮ |
| দুঃস্বপন কোথা হ'তে এসে | ... | ... | ১৫১ |
| দেবতা জেনে দূরে রই দাঁড়ায়ে | ... | ... | ১০৫ |
| ধনে জনে আছি জড়ায়ে হায় | ... | ... | ৩৬ |
| ধায় যেন মোর সকল ভালবাসা | ... | ... | ৯২ |
| নদীপারের এই আষাঢ়ের | ... | ... | ১৩০ |
| নামটা যেদিন ঘুচাবে, নাথ | ... | ... | ১৬৩ |
| নামাও নামাও আমায় তোমার | ... | ... | ৬৫ |
| নিন্দা দুঃখে অপমানে | ... | ... | ১৪৬ |
| নিভৃত প্রাণের দেবতা | ... | ... | ৬২ |
| নিশার স্বপন ছুট্‌ল রে এই | ... | ... | ৪৫ |
| পার্‌বি না কি যোগ দিতে এই ছন্দেরে | ... | ... | ৪৩ |
| প্রভু আজি তোমার দক্ষিণ হাত | ... | ... | ৫২ |
| প্রভুগৃহ হ'তে আসিলে যেদিন | ... | ... | ১৪৩ |
| প্রভু তোমা লাগি আঁখি জাগে | ... | ... | ৩৪ |
| প্রেমে প্রাণে গানে গন্ধে আলোকে পুলকে | ... | ... | ৭ |
| প্রেমের দূতকে পাঠাবে নাথ, কবে | ... | ... | ১৭৪ |
| প্রেমের হাতে ধরা দেব' | ... | ... | ১৭২ |
| ফুলের মতন আপনি ফুটাও গান | ... | ... | ১১০ |

বক্ষে তোমার বাজে বাঁশি ... ... ৮৭
বাঁচান বাঁচি মারেন মরি ... ... ১৮
বিপদে মোরে রক্ষা কর ... ... ৫
বিশ্বসাথে যোগে যেথায় বিহারো ... ... ১০৭
বিশ্ব যখন নিদ্রামগন ... ... ৭২
ভজন পূজন সাধন আরাধনা ... ... ১৩৮
ভেবেছিনু মনে যা হবার তারি শেষে ... ... ১৪৪
মনকে, আমার কায়াকে ... ... ১৬১
মনে করি এইখানে শেষ ... ... ১৭৬
মরণ যেদিন দিনের শেষে আস্‌বে তোমার দুয়ারে ... ১৩১
মানের আসন, আরাম শয়ন ... ... ১৪২
মুখ ফিরায়ে র'ব তোমার পানে ... ... ১১১
মেঘের পরে মেঘ জমেছে ... ... ২০
মেনেছি, হার মেনেছি ... ... ৭৫
যখন আমায় বাঁধ আগে পিছে ... ... ১৫৫
যতকাল তুই শিশুর মত ... ... ১৫৬
যতবার আলো জ্বালাতে চাই ... ... ৮৫
যদি তোমার দেখা না পাই প্রভু ... ... ২৯
যা দিয়েছ আমায় এ প্রাণ ভরি ... ... ১৫৯
যা হারিয়ে যায় তা আগ্‌লে বসে' ... ... ৪৯
যাত্রী আমি ওরে ... ... ১৩৫
যেথায় থাকে সবার অধম দীনের হ'তে দীন ... ... ১২৩
যেথায় তোমার লুট হতেছে ভুবনে ... ... ১০৯
যেন শেষ গানে মোর সব রাগিণী পূরে ... ... ১৫৪

| | | |
|---|---|---|
| রাজার মত বেশে তুমি সাজাও যে শিশুরে | ... ... | ১৪৭ |
| রূপসাগরে ডুব দিয়েছি | ... ... | ৫৬ |
| লেগেছে অমল ধবল পালে | ... ... | ১৪ |
| শরতে আজ কোন্ অতিথি | ... ... | ৪৬ |
| শেষের মধ্যে অশেষ আছে | ... ... | ১৭৭ |
| সংসারেতে আর যাহারা | ... ... | ১৭৩ |
| সবা হ'তে রাখ্‌ব তোমায় | ... ... | ৮৬ |
| সভা যখন ভাঙবে তখন | ... ... | ৮৯ |
| সীমার মাঝে, অসীম তুমি | ... ... | ১৪০ |
| সুন্দর, তুমি এসেছিলে আজ প্রাতে | ... ... | ৮০ |
| সে যে পাশে এসে বসেছিল | ... ... | ৭৩ |
| হেথা যে গান গাইতে আসা আমার | ... ... | ৪৭ |
| হেথায় তিনি কোল পেতেছেন | ... ... | ৫৯ |
| হে মোর দেবতা, ভরিয়া এ দেহ প্রাণ | ... ... | ১১৪ |
| হে মোর চিত্ত, পুণ্য তীর্থে | ... ... | ১১৯ |
| হে মোর দুর্ভাগা দেশ, যাদের করেছ অপমান | ... | ১২৪ |
| হেরি অহরহ তোমারি বিরহ | ... ... | ৩১ |

# গীতাঞ্জলি

১

আমার মাথা নত করে' দাও হে তোমার
চরণ-ধূলার তলে।
সকল অহঙ্কার হে আমার
ডুবাও চোখের জলে।

নিজেরে করিতে গৌরব দান,
নিজেরে কেবলি করি অপমান,
আপনারে শুধু ঘেরিয়া ঘেরিয়া
ঘুরে মরি পলে পলে।
সকল অহঙ্কার হে আমার
ডুবাও চোখের জলে।
আমারে যেন না করি প্রচার
আমার আপন কাজে ;
তোমারি ইচ্ছা কর হে পূর্ণ
আমার জীবন মাঝে।
যাচি হে তোমার চরম শান্তি,
পরাণে তোমার পরম কান্তি,
আমারে আড়াল করিয়া দাঁড়াও
হৃদয়-পদ্ম-দলে।
সকল অহঙ্কার হে আমার
ডুবাও চোখের জলে ॥

১৩১৩

২

আমি বহু বাসনায় প্রাণপণে চাই
বঞ্চিত করে' বাঁচালে মোরে!
এ কৃপা কঠোর সঞ্চিত মোর
জীবন ভরে'।
না চাহিতে মোরে যা করেছ দান,
আকাশ আলোক তনু মনপ্রাণ,
দিনে দিনে তুমি নিতেছ আমায়
সে মহা দানেরই যোগ্য করে',
অতি ইচ্ছার সঙ্কট হ'তে
বাঁচায়ে মোরে!

আমি কখনো বা ভুলি, কখনো বা চলি,
তোমার পথের লক্ষ্য ধরে';
তুমি নিষ্ঠুর সম্মুখ হ'তে
যাও যে সরে'!
এ যে তব দয়া জানি জানি হায়,
নিতে চাও বলে' ফিরাও আমায়,
পূর্ণ করিয়া ল'বে এ জীবন
তব মিলনেরই যোগ্য করে'
আধা ইচ্ছার সঙ্কট হ'তে
বাঁচায়ে মোরে!

৩

কত অজানারে জানাইলে তুমি,
কত ঘরে দিলে ঠাঁই,
দূরকে করিলে নিকট, বন্ধু,
পরকে করিলে ভাই।
পুরানো আবাস ছেড়ে যাই যবে
মনে ভেবে মরি কি জানি কি হবে,
নূতনের মাঝে তুমি পুরাতন,
সে-কথা যে ভুলে যাই।
দূরকে করিলে নিকট, বন্ধু,
পরকে করিলে ভাই।
জীবনে মরণে নিখিল ভুবনে
যখনি যেখানে ল'বে,
চির জনমের পরিচিত ওহে
তুমিই চিনাবে সবে।
তোমারে জানিলে নাহি কেহ পর
নাহি কোনো মানা, নাহি কোনো ডর,
সবারে মিলায়ে তুমি জাগিতেছ
দেখা যেন সদা পাই।
দূরকে করিলে নিকট, বন্ধু,
পরকে করিলে ভাই॥

১৩১৩

৪

বিপদে মোরে রক্ষা কর,
এ নহে মোর প্রার্থনা,
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখ-তাপে ব্যথিত চিতে
নাই বা দিলে সান্ত্বনা,
দুঃখে যেন করিতে পারি জয়।
সহায় মোর না যদি জুটে
নিজের বল না যেন টুটে,
সংসারেতে ঘটিলে ক্ষতি
লভিলে শুধু বঞ্চনা
নিজের মনে না যেন মানি ক্ষয়।
আমারে তুমি করিবে ত্রাণ
এ নহে মোর প্রার্থনা,
তরিতে পারি শকতি যেন রয়।
আমার ভার লাঘব করি'
নাই বা দিলে সান্ত্বনা,
বহিতে পারি এমনি যেন হয়।
নম্র শিরে সুখের দিনে
তোমারি মুখ লইব চিনে,
দুখের রাতে নিখিল ধরা
যে-দিন করে বঞ্চনা
১৩১৩ তোমারে যেন না করি সংশয়॥